**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 22-09-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ কেন্দ্রীয় প্রসাদ প্রকল্পে মাতা ত্রিপুরা সুন্দরী মন্দিরের নতুনভাবে নির্মিত পরিকাঠামোর উদ্বোধন করেন ।**

**(২) সারা দেশে আজ থেকে পরিবর্তিত জিএসটি হার কার্যকর হয়েছে ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অরুণাচল প্রদেশে ৫,১০০ কোটি টাকারও বেশি মূল্যের পরিকাঠামো প্রকল্পের সূচনা করেছেন ।**

**(৪) সরকার আজ চলতি আর্থিক বছরে প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনার আওতায় ২৫ লক্ষ অতিরিক্ত এলপিজি সংযোগ প্রদানের সিদ্ধান্ত নিয়েছে ।**

*****************************************

**PM–Tripureshawari Temple :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ কেন্দ্রীয় প্রসাদ প্রকল্পে মাতা ত্রিপুরা সুন্দরী মন্দিরের নবনির্মিত পরিকাঠামোর উদ্বোধন করেন। তিনি অরুণাচল প্রদেশ থেকে বিশেষ বিমানে দুপুর দুটোর পর আগরতলায় এমবিবি বিমানবন্দর এসে পৌঁছেন। সেখানে তাকে পুষ্পস্তবক দিয়ে স্বাগত জানান, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, মুখ্য সচিব জে কে সিনহা, পশ্চিম জেলার জেলাশাসক ডক্টর বিশাল কুমার। আগরতলা থেকে প্রধানমন্ত্রী হেলিকপ্টারে করে পালাটানায় ও.টি.পি.সি–র হেলিপেডে অবতরণ করেন। সেখান থেকে সড়কপথে ত্রিপুরা সুন্দরী মন্দিরে যান। প্রধানমন্ত্রীকে ত্রিপুরার ঐতিহ্যবাহী রিসা পরিয়ে ও পুষ্পস্তবক দিয়ে স্বাগত জানান রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। সঙ্গে ছিলেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, সাংসদ বিপ্লব কুমার দেব, প্রদেশ বিজেপি

সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য। প্রধানমন্ত্রী পরে ত্রিপুরা সুন্দরী মন্দিরে পুজো দেন। এরপর তিনি মন্দির প্রাঙ্গনে ফলক উন্মোচন করে নবনির্মিত পরিকাঠামোর উদ্বোধন করেন। মন্দির প্রাঙ্গণে প্রসাদ প্রকল্পে পুনঃ বিকশিত এবং এই মন্দিরের ইতিহাস সংক্রান্ত সচিত্র তথ্য প্রদর্শনী ঘুরে দেখেন তিনি। জনজাতিদের ঐতিহ্যবাহী নৃত্য পরিবেশিত বিকেল প্রায় তিনটা বেজে ৪৫ মিনিটে প্রধানমন্ত্রী মন্দির থেকে পালাটানায় হেলিপেডের উদ্দেশ্যে সড়ক পথে রওনা হন। রাস্তার দুপাশের অসংখ্য জনতার উদ্দেশ্যে হাত নাড়িয়ে তিনি শুভেচ্ছা জানান। এরপর তিনি আগরতলা পৌঁছে বিশেষ বিমানে দিল্লির উদ্দেশ্যে রওনা হন।

**************************

**GST Reforms :**

সারা দেশে আজ থেকে পরিবর্তিত জিএসটি হার কার্যকর হয়েছে। উল্লেখ্য, এবছর স্বাধীনতা দিবসে লালকেল্লার প্রাকার থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পরবর্তী প্রজন্মের জন্য জিএসটি সংস্কারের ঘোষণা করেন। গত তেসরা সেপ্টেম্বর জিএসটি পরিষদ এই ঘোষণার বাস্তবায়ন করে সংশোধিত কর কাঠামো প্রকাশ করে। বিভিন্ন ক্ষেত্রেই করের হার হ্রাস করা হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ অরুণাচল প্রদেশে এক অনুষ্ঠানে জিএসটি সংস্কারের উল্লেখ করেন।

######Byte-PM GST######

********************************

**Assembly Session :**

ত্রয়োদশ বিধানসভার অষ্টম অধিবেশন তিনদিন বিরতি থাকার পর আগামীকাল পুনরায় বসছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সফরের কারনে আজ অধিবেশন স্থগিত রাখা হয়। প্রথমদিনে দি ত্রিপুরা স্টেট্ গুডস এন্ড সার্ভিসেস ট্যাক্স, (সংশোধনী) বিল, দি ত্রিপুরা জনবিশ্বাস সংশোধনী বিল এবং দি ত্রিপুরা শপস এন্ড এস্টাব্লিসমেন্ট বিলের সপ্তম সংশোধনী বিল পেশ করা হয়।

****************************

**Voice Over-GST Reforms :**

দেশের কর কাঠামোকে সরলীকরণ করা ও জনগণের ওপর থেকে আর্থিক বোঝা কমানোর ভাবনাতেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী স্বাধীনতা দিবসের ভাষণে নতুন প্রজন্মের পণ্য ও পরিষেবা কর সংস্কারের ঘোষণা করেন। পণ্য ও পরিষেবা কর পরিষদ সেই লক্ষ্যেই সংস্কারমূলক সিদ্ধান্ত গ্রহণ করে। আজ সূর্যোদয়ের সঙ্গেই সারাদেশে সেই সংস্কার কার্যকর হওয়ায় সাধারণ মানুষের মনে এক স্বস্তির অবকাশ তৈরি করেছে। এক্ষেত্রে বৈদ্যুতিন ক্ষেত্রে সুবিধার দিকগুলিতে নজর দেওয়া যাক!

########VC########

***********************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**PM in Arunachal Pradesh :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অরুণাচল প্রদেশে ৫,১০০ কোটি টাকারও বেশি মূল্যের পরিকাঠামো প্রকল্পের সূচনা করেছেন। প্রধানমন্ত্রী ভার্চুয়াল ভাবে শি ইয়োমি জেলায় দুটি প্রধান জলবিদ্যুৎ প্রকল্প এবং তাওয়াংয়ে একটি কনভেনশন সেন্টারের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। প্রধানমন্ত্রী সড়ক যোগাযোগ, স্বাস্থ্যসেবা এবং অগ্নি নিরাপত্তা সহ বিভিন্ন ক্ষেত্রে ১,২৯০ কোটি টাকারও বেশি মূল্যের প্রকল্পের সূচনা করেছেন। পরে, ইটানগরের ইন্দিরা গান্ধী পার্কে এক জনসভায় ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, অরুণাচলের ভূমি কেবল উদীয়মান সূর্যের ভূমি নয়, বরং দেশপ্রেমের জন্মভূমিও। তিনি বলেন, ত্রিবর্ণরঞ্জিত পতাকার প্রথম রঙ যেমন গেরুয়া, তেমনই অরুণাচলের প্রথম রঙও গেরুয়া। এখানকার প্রতিটি মানুষ বীরত্ব এবং সারল্যের প্রতীক। মোদী বলেন, এনডিএ সরকারের আমলে কেন্দ্রীয় মন্ত্রীরা ৮০০ বারেরও বেশি উত্তর-পূর্বাঞ্চল সফর করেছেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী হিসেবে তিনি ৭০ বারেরও বেশি উত্তর-পূর্বাঞ্চলে এসেছেন। উত্তর-পূর্বাঞ্চলের আটটি রাজ্যকেই দেবী লক্ষ্মীর রূপ হিসেবে বিবেচনা করার কথা তিনি উল্লেখ করেন।

######Byte-PM Vikshit######

শ্রী মোদী উল্লেখ করেন যে ভারত ২০৩০ সালের মধ্যে সৌর, বায়ু এবং জলবিদ্যুৎ প্রকল্পের মাধ্যমে অপ্রচলিত উৎস থেকে ৫০০ গিগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। তিনি বলেন, অরুণাচল প্রদেশ এই লক্ষ্যে দেশের সঙ্গে সমান্তরালভাবে কাজ করছে।

****************************

**Ashwini Vaishnaw :**

বিজেপির প্রবীণ নেতা এবং কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন যে আজ থেকে কার্যকর হওয়া পরবর্তী প্রজন্মের জিএসটি সংস্কার দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিকে ত্বরান্বিত করবে। আজ নতুনদিল্লিতে দলীয় সদর দপ্তরে সংবাদমাধ্যমের সঙ্গে কথা বলতে গিয়ে শ্রী বৈষ্ণো বলেন, এখন মানুষের

ক্রয় ক্ষমতা আরও বৃদ্ধি পাবে, ফলে জিডিপিতে প্রায় ২০ লক্ষ কোটি টাকা বৃদ্ধি পাবে।

#####Byte-Ashwini Vaishnaw######

*******************************

**LPG Connection :**

নবরাত্রির প্রথম দিনে, আজ সরকার চলতি আর্থিক বছরে প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনার আওতায় ২৫ লক্ষ অতিরিক্ত এলপিজি সংযোগ প্রদানের সিদ্ধান্ত নিয়েছে। এই উপলক্ষে মহিলা সুবিধাভোগীদের শুভেচ্ছা জানিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে সরকারের এই পদক্ষেপ কেবল এই পবিত্র উৎসবে তাদের জন্য নতুন আনন্দই বয়ে আনবে না, বরং নারীর ক্ষমতায়নের সংকল্পকেও আরও শক্তিশালী করবে।

সংবাদমাধ্যমের সঙ্গে আলাপকালে, পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিং পুরি জানিয়েছেন যে ২৫ লক্ষ নতুন এলপিজি সংযোগের প্রতিটি সংযোগের জন্য সরকার দুই হাজার টাকারও বেশি ব্যয় করবে।

তিনি বলেন, এই সম্প্রসারণের মাধ্যমে উজ্জ্বলা পরিবারের সদস্য সংখ্যা বেড়ে ১০ কোটি ৫৮ লক্ষ হবে।

***************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৮-শে সেপ্টেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৬তম পর্ব। বেলা ১১টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-

৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

***************************

**Navratri :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সবাইকে নবরাত্রির শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি আশা প্রকাশ করেছেন যে সাহস, সংযম এবং দৃঢ় সংকল্পের নিষ্ঠায় পরিপূর্ণ এই পবিত্র উৎসব সকলের জীবনে নতুন শক্তি এবং নতুন বিশ্বাস নিয়ে আসবে। তিনি উন্নত ও আত্মনির্ভর ভারতের সংকল্প অর্জনের জন্য সকলকে সম্মিলিত প্রচেষ্টায় যোগদানের আহ্বান জানিয়েছেন।

প্রধানমন্ত্রী নবরাত্রি উপলক্ষে পণ্ডিত যশরাজের একটি হৃদয়গ্রাহী গান শেয়ার করেছেন। তিনি জনগনের উদ্দেশ্যে বলেন, কেউ ভজন গেয়ে থাকেন বা কারো পছন্দের কোন ভজন  প্রধানমন্ত্রীকে শেয়ার করলে তিনি আগামী দিনগুলিতে ওই ভজনগুলি এক্স পোস্টে শেয়ার করবেন।

#####Bhajan#####

******************************

**Radio Report on Tripura Sundari temple :**

আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রসাদ প্রকল্পে উদয়পুরের ত্রিপুরা সুন্দরী মন্দিরের নতুন পরিকাঠামোর উদ্বোধন করেছেন। এ নিয়ে আজ রাত ১০টা ১৫ মিনিটে শুনবেন আকাশবাণী আগরতলার সংবাদ বিভাগ প্রযোজিত একটি বেতার প্রতিবেদন।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলাতে ভারী বৃষ্টিপাতের সতকর্তা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪

ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪.৯ ডিগ্রি সেলসিয়াস। গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে ৩৬.৮ মিলিমিটার।

***************************